

## অধ্যক্ষা ছাত্রী ভর্তি করতে অস্বীকার করায়—

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার দুপুরে একটি প্রভাবশালী ছাত্র সংগঠনের কর্মীরা ইডেন কলেজের বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও রসায়ন বিভাগসহ কয়েকটি বিভাগের বিভাগীয় কার্যালয়ে তালা লাগিয়ে দেয়। এর আগে তারা এ বিভাগ-গুলো থেকে শিক্ষিকা ও কর্মচারীদের বের করে দেয়। ইডেন কলেজের ছাত্রীরা জানিয়েছে, মাস্টার্সের প্রিলিমিনারিতে কয়েকজন ছাত্রীকে ভর্তি করার জন্য প্রভাবশালী একটি ছাত্র সংগঠনের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়। কলেজ অধ্যক্ষা অনুরোধের পরিপ্রেক্ষিতে ছাত্রী ভর্তি করতে অস্বীকার করলে ওই ছাত্র সংগঠনের কর্মীরা গতকালের ঘটনা ঘটায়।

লন্ডন, ২৮শে নভেম্বর (রয়টার)।— মাদার তেরেসা তার চিকিৎসকদের প্রতি অনুরোধ জানিয়েছেন, 'আমাকে শান্তিতে শেষ নিশ্বাস ত্যাগ করতে দিন।' একটি বৃটিশ সংবাদপত্র এ খবর দিয়েছে।